কি সুখ হয় তাহাতে অন্যোন্য ভ্রাতৃদিগের হর্ষ কি বিমর্ষ অবধান কর আত্ম বিবরণ নিবেদন করিব এ দেশ এও হিন্দুস্থানের এক অঞ্চল ইহার নাম মালওয়া রাজ্য এখানেও পূর্ব্বে প্রতিমা পূজা এবং যাগ যজ্ঞ দান ধ্যান ইত্যাদি একই মত ছিল পরে খ্রীষ্ট বিবরণ মঙ্গল সমাচার আগমনে সমস্ত অনিত্য প্রবন্ধ শাস্ত্র লোপাপত্য হইয়া এখন এ দেশে যেশু বিবরণ প্রকাশ হইয়াছে এখন সমস্ত বর্ণ একত্র কাহার সহিত কাহার ভিন্ন ভাবের লেশ নাই সে শাস্ত্র বিবরণ আমি আজ্ঞানুক্রমে নিবেদন করিতেছি। ভগবান সৃষ্টি করিয়া প্রথমে মানুষকে স্থাপন করিয়া এদনোদ্যানে স্থান দিলেন সে পুরুষ তাহার নাম আদম আর এক জন স্ত্রী জন্মাইয়া আদমের স্ত্রী করিয়া দিলেন তাহার নাম হাওয়া। এই দুই জন সে

উদ্যানে কর্ত্তৃত্ব পাইল সয়তান অধঃপাতীয় দূত যাহার অধঃপতন হইল অহঙ্কারার্থ তাহার ইচ্ছা ঈশ্বরের সৃষ্টি নষ্ট করে এই সকল অন্তরে বিবেচনা করিয়া সর্পের আকার হইয়া সেই উদ্যানে যাইয়া দেখিল হাওয়া একান্তরে তাহার সম্ভাষা করিয়া জিজ্ঞাসা করিল তোমরা কি এ উদ্যানের কর্ত্তৃত্ব পাইয়াছ। হাওয়া প্রত্যুত্তর করিয়া কহিলেন বটে আমরা এ বনের কর্ত্তা হইয়াছি। আমরা এ সকল বৃক্ষের ফল খাইতে পারি কেবল এই মধ্যে স্থানের দুই গাছের ফল খাইতে বারণ করিয়া কহিলেন যদি তোমরা ইহার ফল খাইবা তবে নিতান্ত মরিবা। ইহাতে সর্প রূপে সয়তান হাসিয়া কহিল তোমরা নির্ব্বোধি ফল খাইলে মরিবা না ঈশ্বর কহিলেন সে প্রতারনা বচন যদি তোরা এ গাছের ফল খাইবী তবে তোরা

ঈশ্বরের মত জ্ঞানবান হইবা এতদর্থে ভগবান প্রতারণা করিয়া মানা করিয়াছেন তুমি ও বৃক্ষের ফল আনিয়া খাও দেখি খাইয়া দেখ কেমন মর। তাহার বাক্যে সে নারী যাইয়া ফল আনয়ন করিল কিছু আপনি খাইল এবং কিছু তাহার স্বামী আদমকে দিল এবং সে ও খাইল ইহাতে তাহারা ভগবানের আজ্ঞা ভঙ্গ করিল। পরে ঈশ্বর ওদ্যানে আসিয়া আদমং বলিয়া ডাকিলে তাহারা বৃক্ষের আবডালে থাকিয়া কহিল ভগবান আমরা এখানে আছি আমারা উলঙ্গ তোমার সন্মুখে আসিতে আমারদের লজ্জা হয়। ঈশ্বর বলিলেন কে বলিল তোর দিগকে ওলঙ্গ বুঝি তোরা সে বৃক্ষের ফল খাইয়াছিস যাহা আমি মানা করিয়াছিলাম খাইতে তোরদিগকে আদম কহিল হাঁ প্রভু তোমার দত্ত নারী দিল আমাকে এবং আমি

তাহা খাইয়াছি পরে তিনি জিজ্ঞাসা করিলেন নারীকে কহ কিমর্থে তুই এ কার্য্য করিলি নারী বলিল মহাশয় এই সর্পাদেশে আমি খাইলাম এবং খাওয়াইলাম আমার স্বামীকে সেই ইহাতে দোষাদোষি হইল আদম এবং হাওয়া তাহার সন্তান সমস্তই তাহার পাপে পাপী। ঈশ্বর নিয়ম করিয়াছেন পাপ করিলে তাহার শাস্তিস্থান নরক নিষ্পাপী হইলে সুখভোগ স্বর্গ কিন্তু আদমের পাপে মানুষ সমস্তই পাপিষ্ঠ হইল মানুষের উদ্ধার পূর্ব্ব মতে হইতে পারে না অমোঘ আজ্ঞা এবং নিষেধ ভগবানের ব্যত্যয় হইতে পারে না জন্ত্রনা ও স্বর্গের সুখভোগ সমস্তই অনন্ত যদ্রূপ ভগবান আপনি সে জন্ত্রনা মানুষের উপর পড়িলে অনন্ত কালে তাহার সীমা হইতে পারে না। অতএব দেখিলেন ইহারদের আর নিস্কৃতি নাই কিন্তু যদি

পাপের সমান প্রায়শ্চিত্ত্য হয় তবে পাপ যাগে তাহা সৃষ্টিতে সম্ভব কোথায় ঈশ্বর নিমেধী পাপ তাহার সমান অনন্ত জগত হইলেইবা হইবে কেমনে ইতি মধ্যে ভগবানের তেজো ময় শরীর হইতে দ্বিতীয় তেজ বাহির হইয়া কহিলেন আমি পৃথিবীতে জন্মিব এবং পাপের অনুনা দেহে ধারন করিয়া পাপের প্রায়শ্চিত্ত্য হইব। সেই য়েশুখ্রীষ্ট তাহার জন্মের বিবরন পূর্বে২ যত ভবিষ্যত বক্তা হইলেন পৃথিবীতে প্রায় সকলেই খ্রীষ্ট বিবরন করিয়াছেন তাহারদের বাক্য প্রতিপালনার্থে মহা প্রভু অনাথনাথ পৃথিবীতে জন্মিয়া স্থানে২ ধর্ম্ম শাস্ত্র হিতোপদেশ করিলেন। এবং বহুযত চমৎকার কার্য্য করিলেন পৃথিবীতে কতেক২ শব প্রান পাইল তাহার আজ্ঞায় এবং সেই অন্ধের চক্ষু দান এবং বধিরের শ্রুতি মূকের বাক্য এই মত অনেক২ অসুস্থ

তিনি নিবর্ত্ত করিলেন কেবল তাহার আজ্ঞায়। এবং নানা মত ক্লেশ পাপীরদের ত্রানার্থে নিজ দেহে ধীরন করিয়া ভবিষ্যত বাক্য অনুযায়ি মারা গেলেন এবং পুনর্ব্বার তিন দিনান্তরে উত্থান করিয়া চল্লিশ দিবস পর্য্যন্ত পৃথিবীতে অবস্থিতি করিয়া স্থানেং পুনর্ব্বার উপদেশ করিলেন। পরে তাহার শিষ্যেরদিগকে উপদেশ করিতে নিযুক্ত করিয়া এখন তিনি স্বর্গে ভগবানের দক্ষিন ভাগে আছেন যে পাপী তাহার ভক্ত আস্থা করে তাহার নাম সেই উদ্ধার হবেক। তাহার পাপের জন্ন্য খ্রীষ্ট লইয়াছেন এবং ধর্ম্ম প্রাপ্ত হইল খ্রীষ্ট দিয়া ইহার বিস্তার বিবরন মহাধর্ম্ম শাস্ত্র মঙ্গল সমাচার মধ্যে জ্ঞাত হইবেন অতএব খ্রীষ্টই সমস্ত দেশ পূর্ব্বকালে অন্ধকারময় ছিল এখন মহাশাস্ত্র প্রকাশ হওনেতে লোকেরদের জ্ঞান নেত্র

প্রসন্ন হইয়া বিবেচনা হইয়াছে। এবং লোকেরদের অনেক আনন্দ দিবা জ্ঞান বিশিষ্ট হইয়াছে অতএব শাস্ত্র এই জ্ঞানের এই অনুযায়ি হইতে পারিবে ও অঞ্চলে ইহা প্রকাশ হইতেছে ইহাতে অধিক আনন্দিত হইলাম। ইহার অধিক আর ভাগ্য কি কমলনয়নের বিয়োগে প্রথমত সমাচার পাইবা মাত্রেই শোকাবৃত হওয়া গেল সে তুচ্ছ বিষয় সকলেরি সেই পথ হইবেক তাহা কিছু নহে দুঃখ এই তাহার পর জন্না অসীমা হইব খ্রীষ্ট ব্যতিরেক লোকের উদ্ধার নাই সাবধান থাকিবেন তাহার পুত্রের বিষয় আপনকার বিবেচনা অনুযায়ি করা যাইবেক মানব চৌধুরীর বিবরন পূর্ব্বে শ্রুত হইয়া ছিল এই মত বটে সম্প্রতি সে আপনি এখানে আসিয়া পাদানত হইয়াছে এবং দুষ্ট ব্যবসা সকল ত্যাগ করিয়াছে তাহার কর্ত্তব্যা

তাতে এখানকার সকলে তাহার গিনাক্রান্ত আমি ও বিবেচনা করিলাম দুষ্ট কোন লোক নিজ স্বভাব ত্যাগ করিয়া শিষ্টতা চরণ করে তবে ভগবান তাহাকে দয়া করেন। আমরা কোন বস্তু মানুষ আমার দের ওচিত ভগবানের আজ্ঞানুক্রমে কার্য্য করিতে তাহাতে সে পূর্ব্ববিধি আপনকার কুক্ষী নিবিষ্ট অতএব তাহাকে অভয়- দান করিয়াছি সে এখানকার শ্রীমচিবগনের মণ্ডলী নিবিষ্ট জানিবেন। নাগারঙ্গ মল্লিক চিরকাল হইল কোথায় গিয়াছে অনুসন্ধান ছিল না ক্লিপ্তের লক্ষন পূর্ব্বে হইয়াছিল আপনকার ওখানে ওপস্থিত হইয়াছে ভালই আবশ্যক হইলে দেখা যাইবেক। গোকুলা নন্দ সিংহের বিবরনে আশ্চর্য্য বেধ হইল তাহাকে দেখা আবশ্যক আর চিরকালের

পরে আপনকার সাক্ষাতে এ আনন্দ সমাচার অতএব এখন সমস্ত যায়াপুর সাজন হইল আপনকার আকাঙ্খা পুর্ন কারণ নিবেদন মিতি।—

রাজা অন্য রাজাকে।—

সংসার সৃজন কর্ত্তা জগত জনের ভর্ত্তা
হর্ত্তা কর্ত্তা যেই মহাশয়
যাহার আকারাকার হয় বুদ্ধি অগোচর
জ্ঞান নেত্রে যে দর্শন হয়।
বাক্য শক্তি কৈতে নারে বুঝিতে তা কেবা পারে
অজ শিব নারে কদাচন
আর কে জগতে শক্ত তার রুপ করে ব্যাক্ত
নর বুদ্ধি কিসেতে গনন

গুণ্ডেশেতে নমস্কার করিয়া চরনে তাহার
শতং নতি দানে দান
সেই সে আপদহারী তার পাদ পদ্মস্মরী
প্রেম লিপি কৈল আরম্ভন।

ব্যাপক কাল গত হইল এখানকার গতিক জানাযে শ্রীধর সিংহকে প্রেরিতে অনুমতি হইয়াছিল তন্মধ্যে নাগপুররাধীশ দ্বারকা নাথ ভূপ কটক পাঁচনী করিয়াছে কটকের ব্যুহ অধিকার করনের প্রাশে মুগয়ার ছলায় শাতালিক ভূমী পর্য্যন্ত পৌশিলে সমাচার পাওয়া গেল তাহাতে ব্যাস্ত চিত্ত ছিল। সমাচার পাইবা মাত্রেই তিন লক্ষ সেনা সজ্জা হইয়া কটকের পথে পাঠাহাটী পৌশিলে দ্বারকানাথ এখানকার সেনার কোলাহলে স্তব্ধ হইয়া নিজালয় বাহুড়িতে ছিলেন দৈব গতিক দেখ এখানকার এক সেনাপতি ও এক লক্ষ তুরগারূঢ় সেনা প্রতি বৎসর আমার সমস্ত অধিকার বেষ্টন করে

তাহারদের দেখা হইলে তাহারা দ্বারকা
নাথের সেনারদিগকে পরাস্ত করিয়া ভূপকে
আক্রমন করিয়া আনিয়াছে। তাহার
অধিকার নাগপুর ও সামান্য রাজ্য নহে
তাহাতে নরসিংহ দ্বারপালকে কর্ত্তা করিয়া
পাঠান গেল দ্বারপাল আপনকার দেশ দিয়া
যাইবেক সেই গাঁতে শ্রীবির ও অপনার ও
স্থানে নিরূপিত হইলেন। কবে যাইবে তাহার
নিরোপন হয় নাই পশ্চাত লেখা যাইবেক।
পূর্ব্বে শুনা গিয়াছিল কাকীপুর অধিপতি
বিক্রম রাজা যে পূর্ব্বকালে এইখানে থাকিয়া
ধনবান হইয়াছিল এখন আপনকার আলস্য
কারন কাকীপুর করতল করিয়া রাজ্য লাভ
করিয়াছে। এখন সে কিঞ্চিত ধন সঞ্চয়
করিল সেনা রাখিয়া বারানসীতাদি মহা
তীর্থ যাত্রি লোকেরদের পথের বাধা হইয়া
সকল লোককে লুট করিয়া লয় এবং দরিদ্র

কাঙ্গাল কাহাকে ত্যাগ করে না। এ বিষয় আপনি শুনিয়া থাকিবেন তথাচ ইহার দমন করেন না ইহার কারন কি। সে তীর্থের ওয়াতের স্থল আপনকার অধিকার নতুবা এখান দিয়া তাহার সমোচিত হওনের আটক হয় না কিন্তু আপনি এখানকার সুহৃদ আপনকার অধিকারের সেনা পাঠান আপনকার অনুমতি ভিন্ন হইতে পারে না। এ কারন অনুচিত ক্রিয়া এখান দিয়া কদাচিত হইতে পারে না যদি অনুমতি হয় লিখিবেন তাহার প্রতিকারার্থে অন্বেষন করা যাইবেক। নতুবা যাহা হয় আপনি করিবেন যদ্যপিও কেবল আনা দিয়া অসাধ্য হয় লিখিলে সহায়তার্থে এখানকার সেনাপতিগনেরা অগ্রবর্ত্তী হইবেন তাহাতে অন্যমত হবেক না। এ আমার অবশ্য কর্ত্তব্য কেননা সে আমারদের দেবস্থলী তাহার যাত্রির বাধক

যেবা তাহার দমন অকর্ত্তব্য নহে অনুমতি অনুক্রমে করা যাইবেক। সিংহপুরাধিকারী পূর্ব্বাপর ওখানকার আশ্রিত জানিতাম এখন তাহার গতায়াত রাজ পুরেরদের এখানে সদসর্ব্বদা ইহার বিশেষ কি। রাজ পুরেরা এখানকার নিতান্ত বহিরঙ্গ এ আত্মালোক ইহাতে আত্মতার বৈদগ্ধতা হয় কিন্তু এখান কার অন্তঃকরন এই২ সামান্য বিষয়েতে মনো যোগ করে না কি জানি দৈব গতিক্রমে তাহার বৈলক্ষন হয় তাবৎ বিবাদ অতএব সিংহপুরীকে বারন করিবেন এমত আর না হয়। যদিতু তিনি আপনকার ওখানে সহজভাবে পূর্ব্ব মত না থাকেন জানিতে পারিলে তাহার সমোচিত করিয়া পদাশ্রুত করনের আটক কি। তাহার কি শক্তি এখানকার সহিত প্রতিযোগিতা করিতে এমত সম্ভব কোন ক্রমে নহে যাহা হয় পশ্চাত ত্বরা

হইবেক। ওতরাটের বন বসত হইয়াছে কে এমত করিল বিশেষ জানি না যদি আপন কার অঞ্চলের লোকে করিয়া থাকে ভাল আমার ইচ্ছা জানিতে চাহি। পূর্ব্বকার বিবরন শ্রুত আছে পূর্ব্বকালে কালকেতু নামে ব্যাধ অতি দরিদ্র ঈশ্বর ইচ্ছাক্রমে মহামায়া ভগবতীর দয়াতে ধন প্রাপ্ত হইয়া ঐ স্থানের রাজা হইয়াছিল। সে কতকাল তাহার নিশ্চয় জানা যায় না স্থান বনস্থরীময় লোকে কহে ইহারি মধ্যে কালকেতুর পুরী আছে। তাহার বিবরন যদি কিছু প্রকাশ হইয়া থাকে এখানে সমাচার হইলে দেখনের ইচ্ছা হইতে পারে একারন দেবারাধনা এবং দৈব আনুগিত্যাতে এখানকার অন্তঃকরন নিতান্ত প্রফুল্ল আপনি ও ঐ অঞ্চলে মনো যোগ করেন তবে যাইয়া দ্রষ্টব্য হয়। বিবে চনা করিলে জানা যায় বিষয় কি যদি পূর্ব্ব

বৃত্তান্ত তবে আমার ও স্থানে অনুকম্পান্বিত অতএব এখানকার সেনাপতিরা সে স্থানে অবস্থিতি করিলে বিবরন জ্ঞাত হয়েন অতএব তাহার কি গতিক আপনাযে সংবাদ দিবেন। গজস্কন্দ রায় কএক দিবস হইল এখানে আসিয়াছে তাহার এমত দশা কেন তাহার পিতা ও পিতামহ সর্ব্বকালেই ও এখানকার প্রতিপালা সে বিদশান্বিত হইয়া আসিয়া এখানে শরন লইয়াছে আনিকার এ স্থান ভিন্নকোটি নহে অতএব তাহাতে বড় ত্রুটি করি নাই তাহার নিমিত্ত লেখা যাই তেছে দেবদেব রাজ গোশাঁয়ী কএক বৎসর গত হইল কাযকাশ দর্শনে গিয়াছিলেন এবং তাহার পর তাহার ভ্রাতা ও সেই পথে গত করিয়া আগম পর্য্যন্ত পৌশিলেন এ সমাচার পূর্ব্বে পাওয়া গিয়াছিল পরে শুনা গিয়াছিল যে তাহার ভ্রাতা পূর্নভদ্র করিয়া তোমার

ওখানে উপস্থিত হইয়া সভায় নিবিষ্ট আছেন। কিন্তু এ সকল সমাচার অতি আস্থা জন্মে নাই এমত হবে কেন তাহার পুরুষ পুরুষানুক্রমে এখানকার পালিত এবং এখানকার সেবিত তাহাতে এখান হইতে নষ্টতা করিয়া গিয়াছে এখানকার অনুমতি ব্যতিরেক কদাচ আপনকার সম্ভব নহে তাহাকে সভাসদ করিতে যাহা হউক যদি তাহারদের বিবরণ প্রচার হইয়া থাকে সমাচার পাইলে এখানকার লোক যাইয়া তাহারদিগকে আনয়ন করিবেক নিবেদন যিতি।———

রাজা অন্য রাজাকে।—

সর্ব্ব ভূত কর্ত্তা যেই ভূত অধিকারী
তাহার সৃজন হয় দিবস সর্ব্বরী।
ভূতাভূত যত আছে তাঁর কৃত হয়
জগতের মধ্যে সেই সর্ব্ব শক্তিময়।
তাহার চরণে নতি করি মনে মন
প্রত্যুত্তর লিপি এই করিল লেখন।

দ্বারকানাথ মুন্সী এখানে আশ্রিত হইয়াছেন সে ভাল হইয়াছে একারণ সে নাগপুর অঞ্চলের যাবদীয় লোক কি নিত্যা ধিকার কি ভিন্নাধিকার সকলেরি পীড়া দায়ক ছিল। তাহার রাজ্যে দ্বারপালকে কর্ত্তা নিযুক্ত করিয়াছেন সে ভাল বটে কিন্তু দ্বারপাল ও অঞ্চলের জ্ঞাত নহে ভাল তাহা বুঝা যাইবেক এখানে পৌছিলে তাহার যেমত২ পরামর্শ করা যাইবেক সেখানকার

বিবরন আপনে ও জ্ঞাত নহেন দ্বারপাল ও
তত্তোধিক সে স্থান বড় কঠিন সদা সর্ব্বদা
পাহাড়িয়া চোরেরা নামিয়া রাজ্য লুট
করে তাহার রক্ষা দুহত ব্যাপার দ্বারকানাথ
এ বিষয় বড়ই ক্ষমতাপন্ন ছিল দৈবক্রমে
আক্রমিত হইয়াছে নতুবা তাহার সমান
ঢুঁড়িয়া রাজা হিন্দুস্থানে কেহ নাই সেই
পাহাড়িয়ারদের দায় বিবৃত ছিল যাহা
হওক সে স্থানে কেবল দ্বারপাল দিয়া
নির্ব্বাহ হইতে পারে না। সেনা প্রচুর
আবশ্যক এবং উপযুক্ত লোক তাহার ব্যবস্থা
এখান হইতে হইবেক দ্বারকানাথের রাজ্য
পূর্ব্বে এই রাজ্য নিবিষ্ট ছিল কিছু কাল
দ্বারকানাথ প্রবল হইয়া স্বতন্ত্র হইয়া ছিল
জানিবেন। কিন্তু বিবরন আপনে বুঝি জ্ঞাত
নহেন কোন দুষ্ট লোক যাইয়া এমত লাগান
পড়ান করিয়া থাকিবেক। দুষ্টের স্বভাব

এই কোন মতে আত্মমধ্যে বিবাদ হয় এই তাহারদের মনোভীষ্ট তাহারি বিবেচনা না করিয়া যে তাহাতে আস্থা করে সেও সেই মত পায়। বিকর্ন মহা ধার্ম্মিক দাতা ভোক্তা সদাব্রতী তাহার সদাব্রতের আশ্চর্য্য আখ্যান যাবদীয় যাত্রী লোকেরদিগকে রাজভোগে অতিথা করে অপারন সাধারন সমস্ত লোকের দিগকে অন্নদান করে তাহার বিঘ্ন কষ্ট দিতে কেহ পারিবেক না দেবতা তাহার সহায়। তবে কি যে তাহার অধিকারে এক ঘাটি আছে তাহাতে যাত্রীরা সর্ব্ব কালেই কয়েদ আছেন তাহার বারন করিলে তাহার রাজ্যে আর বিষয় কিছু নাই যে লিখিয়াছেন আমি তাহার দমন করি কি আপনে সহজে তাহার দমন করেন সে এমত ব্যক্তি নহে সে আপনেই সুধীরা লোক তাহাকে হিতোপ দেশের আবশ্যক বড় একটা নাই তবে

রনে জয়ী হওন তোমা আমার শক্তির বাহির আমার এই আশ্চর্য্য মনে ভয় হইতেছে আপনে তাহাকে অবগত নহেন পূর্ব্ব কালে স্বর্গীয় রাজা সর্ব্বদা ইহার এখানে কর দায়ক হইতেন এখন আমার তোমার ওপর তাহার দাওয়া করে না এ তাহার সৌজন্যতা নতুবা তাহার অসাধ্য কি আমাকে তাহার দমনার্থে বিবেচনা করিয়াছেন আমার মত তাহার শতং দ্বারপাল। তাহার প্রতিযোগিতা আমার সহিত নহে আমি তাহার আশ্রিত এবং আমার মত সহস্রাবধি প্রস্তুত তাহার বিষয় কোন ক্রমে কোন কথা কওয়া আমার দের কেবল জাওলাম প্রকাশ করা নিরস্ত থাকিবেন। সিংহ পুরাধিপের বিষয় যাহা লিখিয়াছেন সে প্রমান তাহার দমনারম্ভ চেষ্টা করিলে ও এখান দিয়া আনুগত্য হইতে পারিবেক। গুজরাট বন অনেক

কালের পণ্ডিত জঙ্গল তাহা এখানকার লোকেরা সুশাসিত করিতে প্রবর্ত্ত হইয়াছে সাম্প্রদায়িক হইলে জানা যাবেক। তাহার মধ্যে বিষয় কি পশ্চাৎ জানিতে পারিবেন। গোশায়ির ভ্রাতা মহা পণ্ডিত একারণ এখান কার অধ্যাপকেরদের আশ্রয় লইয়া সভায় যাতায়াত করেন আশ্রয় আকাঙ্ক্ষিক লোককে আশ্রয় দেওনে পুন্য প্রতিষ্ঠার বাহুল্য তাহা না করা কেন। অতএব ইহার বিশেষণ এই গুজরাট বনে শ্রুত আছে কালকেতুর অবস্থিতি ছিল তাহারি তদন্ত জানার্থে এখানকার লোকেরা আজ্ঞানুযায়ি বন কাটি তেছে যদি আপনকার ইচ্ছা হয় এ অঞ্চলে আগমন করিলে স্থান মাহত্ত্য জানিতে পারি বেন এখানকার ও ইচ্ছা ছিল তথা যাইয়া কিছু কাল অবস্থিতি করি তাহার বাবা হরিশ্চন্দ্র রাজা পুরজিব সহিত দুর্জ্জনতা

আরম্ভ করিয়াছেন পুরজি ব্রাহ্মন তাহার আনুগত্য আবশ্যক এবং পুর্ব্ব কালের প্রীতি আছে এখন কমলরায় সেনাপতিকে বিস্তর২ সেনা সহিত প্রেরিত করিয়া সাহায্যারম্ভ হইয়াছে। এখানকার প্রতিজ্ঞা তাহার প্রতিকার করিতে তাহা না করিয়া অন্যত্র গতি করা যাইবেক না। আপনে যদি গুজরাট বন দেখনের আবশ্যক থাকে এ অঞ্চল দিয়া গতি করিলে আপনার পরামর্শ পুর্ব্বক তাহার সাহায্য করিতে হবেক। আইসনের সংবাদ পুর্ব্ব জানা গেলে এখানে ও সকলে সজ্জমান থাকে জানিবেন ইতি।—

রাজা ঠাকুরকে ।—

রাজত্বের সিংহাসন ও স্তম্ভ নিরোপন
যাহে রাজা হয়তো স্থাপন
প্রভু ভক্ত মহাবল দম্ভে যেন কালানল
বিগ্রহেতে অন্তক যেমন ।
ধর্ম্মেতে তৎপর মতি দয়ার্দ্র হৃদয় অতি
দানে মানে কর্ণ দুর্য্যোধন
ধৈর্য্যবান ক্ষিতি সম ক্রোধেতে বিপক্ষে যম
মহাবীর রায় জনার্দ্দন ।

অনুজ্ঞা লিপি দৃষ্টে ও অঞ্চলে কার্য্য কর্ম্ম প্রনিধানপূর্ব্বক যাহাতে প্রজালোকের বসতি বাহুল্য হইয়া পল্লীপল্লি সুশাসিত হয় এবং অন্যোন্য মণ্ডলাধ্যক্ষ এবং জনপদাধ্যক্ষ এবং গ্রামাধ্যক্ষ ইত্যাদি ইহারদের শীল প্রজাগনকে দুঃখ দিয়া ধন সঞ্চয় করে তাহা

না হয়। কিন্তু অনুষ্ঠান করিবেন প্রজার সুখ বৃদ্ধি করিবা আর বিবেচনা পূর্ব্বক অনুসন্ধানক্রমে দুষ্ট লোক সূচক দস্যু চোর বাটপাড় মিথ্যার্ণব পরহিংসক ইত্যাদি যাবদীয় লোক আক্রমন করিয়া আনিবা কিন্তু এককালীন সহসা তাহারদিগকে নষ্ট করিবা না। দেখিবা তাহারদের মধ্যে যে নিতান্ত দুষ্টাচারী হয় তাহাকে নিগড়যুক্তে রাখিবা এবং তাহার পরিজন লোকেরদিগের নির্ব্বাহ নিষ্পত্তির সংস্থান করিয়া দিবা দুঃখ না পায়। নিগড় বন্দিরদিগকে নীতিশাস্ত্র ইত্যাদি অভ্যাস করাইতে যাহার মতি নীতি প্রবিষ্ট হয় তাহারদিগকে পুনরায় স্বপদে অর্পন করিবা। অন্যেরদিগকে নীত্যভ্যাসে ক্ষমাপন্ন হওয়া নহে বরং তাহাতেই অন্তে মরিবেক এমত লোকেরদের পরিবারগনের

নির্বাহ নিষ্পত্তির মনযোগ করিবা। এমত হইলে তাহার রাজ্যে প্রজা বৃদ্ধি হয়। ভবানীনগরেশ্বর ভবানন্দসিংহ রাজধানীতে আসিয়াছিল প্রকাশ কিছুই করে নাই ইহার জনপদের প্রজা লোক ইহাকে মানে না ইহাতে এ আপন স্বেচ্ছাপূর্ব্বক নিজাধিকার এ রাজধানির ভুক্ত করিয়া দেয়। শুনা গেল তোমার ওখানে গিয়াছে যদিত্তু এই হয় তবে তাহার আকাঙ্ক্ষা পূর্ণ করিবেন এখানকার সংবাদের অপেক্ষা করিবা না। এবং তাহাকে তোমার কর্ত্তৃত্বর মধ্যে সংস্থান করিবা যাহাতে তাহার পূর্ব্বমত নির্বাহ নিষ্পত্তি হয় তোমার ওখানে সামন্ত প্রচুর আছে। নগর হাটের রাজা নীলমাধব বিধিবের্ব্বর ওপর দৌরাত্ম করে অতএব তাহার সাহায্যার্থে অযুত তুরগারূঢ় প্রেরন করিবা যাহাতে তাহার বৈরি দমন হয় সে এইখানের

পৌঁছা। বিবিধ পূর্ব্বকালে এইখানকার মহারাজাদের কুক্ষী নিবিষ্ট ভূতাবত ছিল এখনেও সেই ভাব আমার দৃষ্টব্য হইতেছে অতএব তাহার ওপর আবশ্যক বিবেচনা করিবা। এ বৎসর শেষ হইল তথাচ ওখানকার কর কি পত্র কিছুই আইসে না কারন কি তদুদ্দিশ্য বসন্তরায় ঘাষ্টিক সহিত পরিবার পোনের জন প্রেরিত হইল সাম্বৎসরিক কর বকী সংপ্রতি দশলক্ষ প্রেরন করিবা গৌন না হয়। এখানে সম্প্রতি বিগ্রহ ওপস্থিত সিন্ধুকুলাধিপ মানব রাজা বলবন্তরায়ের ওপর বল করিয়া অধিকার লুট করিয়াছে তাহার প্রতি ফল দিতে হইবেক তাহার আসন্নকাল ওপস্থিত বুঝা যাইতেছে নতুবা কি আশাক্রমে এ রাজ্যের ওপর দৌর্জ্জন্যতা করে যাহা হওক এখানে একজাই নবলক্ষ সেনা প্রস্তুত হইয়াছে এবং তোমরা

সকলে ও আপনং দল সহিত সিন্ধুকুল দেশ গমন করিবা এখানকার বাহিনী প্রস্তুত জানিবা ইতি ।—

রাজা চাকরকে ।—

সুপ্রতিষ্ঠ শুদ্ধমতি প্রভুতে ভকতি অতি
রাজ কার্য্যে নিপুনত্ব প্রজার পালনে মত্ত
অনুরক্ত জন পাল শত্রু মধ্যে যেন কাল
প্রবঞ্চ ত্যাগিতা জন ভক্তরায় নারায়ন
লিপি দৃষ্ট করি নিরন্তর । তোমার ও দেশ এখানকার রাজ্যগত হওনাবধি ভুমি কখন মাফ হয় নাই এবং আর বৃক্ষাদির কর বন্ধ হয় নাই অতএব ও অঞ্চল পরিমান করিতে হইবেক তদর্থ পরিমান রজ্জু নির্ম্মান করিতে

আরম্ভ করিবা। এখন বর্ষা সময় পরিমান আরম্ভের কাল নহে কার্ত্তিকে আরম্ভ হইবেক। পুশস্তপুরের গোপালগোবিন্দ তাহার কর্ত্তা হইয়াছে ত্বরাই আজ্ঞা পত্র পাইলে ও অঞ্চলে গতি করিবেক তুমি ওখানে সমস্ত মহীপাল ও গোপ ও ম্বাযুক সাক্ষাৎ রাখিবা কার্ত্তিক মাসের প্রথমে এক বারে সর্ব্বত্র পরিমান আরম্ভ হইবেক। অনুমানিক প্রতি সহস্র রজ্জুতে এক জন আমিন এক জন লেখক চারি পদাতিক দুই রজ্জুধারি চাকর এবং ভূপতি প্রমুখ লোক তাহার সাতে ও প্রধান প্রজা লোক আপনারা তাহার আয়োজনে থাকিবা। রামসুন্দর বৃহস্পতির কাল হইয়াছে তাহার শ্রাদ্ধের নিয়ম হইয়াছে তিন লক্ষ মুদ্রা তাহার পঞ্চাশ সহস্র তোমার ঐখানে দিয়া গিয়াছে তাহার বন্দ্যান ভূপতিগনের ওপর যথোপযুক্ত

অংশ করিয়া লইবা টাকা এখন ভাণ্ডার হইতে দেওয়া গেল জানিবা। আর ও অঞ্চলের বিরাপতি লোকেরদিগকে নিমন্ত্রন করিবা যে তাহারা আপনং অধিকারের ব্রাহ্মন পণ্ডিত লোকেরদিগকে সাত লইয়া নিমন্ত্রনে আসিয়া অধিষ্ঠান হয়েন। আর দ্রব্যাদির যেং পরিমিত পত্র তোমার এখানে যাইতেছে তদনুরূপ সমস্ত দ্রব্য নৌকা যোগে পাঠাইবা। তুমি জাত আজহ চক্রমনি রায়কে মনুপুর প্রভৃতি সপ্ত মণ্ডলের কর্তৃত্ব দেয়া গিয়াছিল এখন কএক বৎসর গত হয় সে দেশের কর এবং ওপায়ন ইত্যাদি যাহা নিয়মিত আছে না পাঠানে এখানকার লোক ত্বরা করিতে গিয়াছিল এখন কর্ন গোচর হইতেছে যে সে অসত যতি চেদি রাজার সহিত যোগ করিয়া এখানকার আজ্ঞা অনুজ্ঞার আবশ্যক রাখে না। তাহার দমন

আবশ্যক কিন্তু চেদি রাজার সহিত কলহ উপস্থিত জানিবা তিনি আমার ঐশ্বর্য্য বীর্য্য অবগত নহেন অতএব এখানকার চিহ্নিত লোকেরদিগকে ভুলাইয়া এমত আচরণ করেন এ তাহার কুবুদ্ধিতে আক্রমন করিয়াছে ইহার নিবারনার্থে হজুররায় সেনাপতি লক্ষ অশ্ব সহিত গিয়াছে আর২ সমস্ত রাজারদিগকে সজ্জমান হইতে পত্র গিয়াছে কতক২ আসিয়াছে বক্রী আসিতেছে অদ্য কল্য আসিবে তুমি এখানকার সেনা সজ্জ হইয়া ঐ পথে গতি করিবা বিলম্ব না হয়। বামনপুরের চন্দ্রাধিপ সিংহকে সংবাদ দিবা সে পূর্ন সজ্জাতে আইসে। চেদি রাজার কর্ত্তৃত্ব তাহাকে দেয়া যাইবেক গোমতী নদীর পুল বন্ধের কার্য্যে পূর্ব্বে সরুপদাসরায় নিযুক্ত ছিল তাহার পর লোক হইলে কৃষ্ণসুন্দর পদার্পন হইয়াছে।

শুনিলাম তোমার ওখানকার ভূপতি লোক তাহাকে মানে না এবং আজ্ঞানুযায়ি আব শ্যক কার্য্যের পুতুল করে না এ অতি অনুপযুক্ত. চেতাইয়া দিবা ঐ মত না করে। এ বিষয় আপনে ও সাবধান হইবেন না হয় ইহার অনুযোগ আপনকার ওপর পড়ে এ একটা বৃহত বিষয় কেননা ওখানকার পুলের বিষয় চুক্তি হইয়া নিয়ম হইয়া গিয়াছে যাহার ত্রুটিতে পুনর্ব্বঙ্গ হইবেক এ সকল খরচ পত্র তাহারি ওপর দেনা হইবে ওখান কার পুল বন্ধ না হইলে কিম্বা বাঁধিতে কাঁচা থাকে পরে ভাঙ্গিয়া গেলে এ অঞ্চলে সমস্ত দেশ ডুবিয়া যায় তাহাতে ভাণ্ডারের কোটি টাকা ক্ষিতি বিবেচনা করিবেন ইতি।

রাজা ঠাকুরকে ।—

মহাবীর রনেধীর বৈরি দর্প হারী
প্রভু প্রিয় জিতেন্দ্রিয় সর্ব্বগুন ধারী।
আজ্ঞা পত্র দৃষ্টি মাত্র করিবা উপায়
যেন যত দুষ্ট চিত হয় পরাজয়।

কিঞ্চিত কাল হইল এখানকার সামন্ত তীর্থ পর্য্যটনার্থ বারানসী আগমন করিয়াছিল সে স্থানে বিশ্বেশ্বর কর্ত্তা কাশী মোক্ষধাম মধ্যে মহাস্থলী শাস্ত্র প্রমানে পাওয়া যায় যে সে স্থান গমনে তেই পাপীগনের পাপের বিমোচন হয় শাস্ত্রোক্ত ক্রিয়া করনে কি পর্য্যন্ত তাহার গননা কি তাহা অনন্ত গনের মধ্যে বিখ্যাত

যে স্থানে সার্দ্ধত্রিকোটি তীর্থের অধিষ্ঠান ও তেত্রিশকোটি দেবতার বাস স্থান। এ সকলে আপনং সুখ ইচ্ছা ও মুক্তি আকিঙ্খাতে অবস্থিতি করিতেছেন শাস্ত্রে বলে কাশী পৃথিবীর মধ্যে নহে কাশী মুক্তিদা তেজোময় পুরী অধোরসাতল ঊর্দ্ধে ব্রহ্মাণ্ড কোটী ভেদ করিয়া তাহার জ্যোতি সে নিত্য স্থান যে স্থানে মুনিকর্ণিকা ওত্তর বাহিনী ভাগীরথী শাস্ত্রোক্ত মহা পুন্যক্ষেত্র এ স্থান যাত্রি লোকের মনে দুঃখ কদাচিত ক্রমে হয় না। সর্ব্ব নানা স্থান ও দেব দর্শন তীর্থ পর্য্যটনে ৼটন করিতেছে গঙ্গাতীরে মুনিকর্ণিকার ঘাট প্রভৃতি স্থানে যাত্রি লোক স্নান পূজা তর্পন ইত্যাদি করিয়া বেদধ্বনি করিতেছে এই মতে সর্ব্বত্র লোকেরদের অসীমানন্দ আমি ও সসৈন্যে স্থানেং গতায়াত করিয়া শাস্ত্রোক্ত পুন্য সঞ্চয় ও দর্শনীয় আনন্দ

পর্য্যটন করিয়া মহানন্দে পুলোকিত হইতে ছিলাম ইত্যিমধ্যে মুনিপুরের গড়ের অধিপ হরিবল্লভরায়ের নিবেদন লিপি দ্বারা জানা গেল গোশৃঙ্গ দেশের নরপতি নবকিসোর পুরশূন্য জানিয়া সেনা সাজনী করিতেছেন হিন্দুস্থানের ওপর বল করিবেন। সময়া নুকা দুর্ব্বুদ্ধি তাহাকে ঘটনা হইয়াছে পূর্ব্বকান তাহার বিস্মরণ হইয়াছে যে কালে গদাধির রাজা তাহাকে রাজ্যচ্যুত করিয়া কারাগারে নিগূঢ় বন্ধনে রাখিয়াছিল তাহাতে শ্রুত আছে এখানকার মহারাজ আপনি ওহার সাহায্যার্থ সেনা সজ্জা হইয়া গদাধিরকে সংহার করিলেন সেই অবধি সে রাজ্য নিজাধিকার ভুক্ত তাহাতে ইহাকে মুক্ত করিয়া আপন রাজ্যে পুনরায় নিযুক্ত করিয়া ছেন এ ও এখানকার এক জন প্রজার মধ্যে গননা ছিল কর প্রদান ও সেই মত করিত

সে ব্যাপককাল গত হইলে পরে আমার সময় হেতু তদনুরূপ আচরনে আচারী ছিল এখন হটাৎ এ সাহস এ কোথা হইতে পাইল কি পরাক্রমে ইহার এতেক সাহস হইয়াছে জানা গেল না। বুঝি তাহার সহায় ও বা অন্য কেহ হইয়া থাকিবেক নতুবা এমত আচরন সহসা বিষয় কি। যাহা হওক তাহার দমন করা হইয়াছে অতএব তুমি নিজ পরিবার সেনা সাজনী করিয়া তাহাকে সসহায়তে সংহার করিয়া গোশৃঙ্গ দেশ করতল করিবা আমি ও এ কার্য্য সঙ্কোলন করিয়া দক্ষিন সমুদ্র তীরস্থ যাবদীয় দুষ্টকে নিবর্ত্ত করিয়া সমুদ্রনাথের ও অঞ্চলে গতি করিব জানিবা ইতি।—

রাজা ঠাকুরকে।—

শুদ্ধ স্থিতি মহামতি প্রভু অনুরক্ত।
দানশীল ধর্ম্মশীল দয়া অভিষিক্ত।

বিবেচক বুদ্ধিমান মহারায় চন্দ্রভান। আজ্ঞা পত্র প্রভৃতি মনোনিবিষ্ট করিবা বিবেচনা করিবা রাজপুরোহিত হরিশ্চন্দ্র বৎসরাবধি এখানে অবস্থিতি করিয়া প্রকাশ করিল আপনি ইহার বিষয় মনোযোগ করহ না ইহাতে নাগপুর অধিকারী মাহরদ্ধার রাজার সীমা সেও বিরোধি সদা সর্ব্বদা উপদ্রব করে তাহার বারণ কেবল ইহা দিয়া হইতে পারে না কহিল মাহরদ্ধারা ইহার রাজ্য কতক২ অধিকার করিয়াছে সে কেবল ইহার রাজ্য নহে এত কেবল মধ্যে বৃত্তি আপনি তাহার অবগত নহেন এমত নহে তথাচ আলস্য

ইহার ভাবজ্ঞ হওন বুদ্ধির অগোচর যদ্যপিও তদ্যপিও এখনাবধি পূর্ব্বাচরণ পরিত্যাগ করিয়া আপনি নিরূপিত কর্ম্মে মনোযোগ করিবা ত্রুটী না হয়। তবে যদি বরগীরা দুর্জ্জন পানাতে নিরস্ত না হয় তবে জানিবা নিতান্ত তাহারদের শেষ দশা উপস্থিত অহঙ্কার মদে তাহারা মত্ত আছেন তোমার নিবেদনানুসারে তাহারদের দমনার্থে ফিরে চলা করা যাইবেক ভাবনা করিবা না। দুইত রাজ্য ও যাহা অহঙ্কারি চিতোর রাজ্যেশ্বর তাহার অপরিবেদনায় পুথমত উপদেশ করা গেল তথাচ বর্গে না আইলে বিজয়িনী সেনা চতুরঙ্গদলে গমন করিয়া সমোচিত করিলে এখানে তাহার জ্যেষ্ঠ পুত্রেকে নিযুক্ত করিয়া ছিল নিয়মিত করদ আছেন ইহারদিগকে ও সেই মত না করিলে উচিত হবেক না। সেই বা কোন বিচিত্র কথা তাহার কর্ম্মানুযায়ি ফল

এইক্ষনে করা যাইত কিন্তু মাহেশ্বরী রাজ্যের রাজা অনুবৃদ্ধ নীলম্বিত করনক বিপদ গ্রস্ত হইয়াছে তাহারদের সহিত পুরুষানুক্রমে এখানকার সদ্ভাব এবং সৌহার্দ্দতা ইদানীন্তু নানা মত ওপায়ন প্রদানেতে এখানকার সকলেই অনুগত তাহার সাহায্যার্থ বিবে চনা করা গিয়াছে সামন্ত ও অনেক পথ গত হইয়াছে পুনরাগমনে কর্ত্তব্য করা যাবেক এই ইচ্ছা তবে যদি মাহরাষ্ট্রেরদের দিব্য জ্ঞান হয় প্রতি প্রসন্ন হওন ও সুমতি দিয়া গত কালের দুর্জ্জনতাতে লজ্জান্বিত হইয়া পদতলে শরনাগত হয় এবং নিয়মিত কর নিযোজন করে তবে কি হয় বলা যায় না। নাথপুরপতি তোমাকে দেখিতে বাঞ্ছা করে কহে সে তোমার পিতৃবান্ধব এবং তোমার সহিত ও প্রনয় আছে এখানে এ প্রসঙ্গ প্রকাশ নহে চিরকালাবধি সে এখানে

কারাগারস্থ সে পূর্ব্বে পাষণ্ডতা করিয়া মহা প্রভু জগন্নাথ দেবকে না মানিয়া পুরী লুট করিয়াছিল তাহার শোধার্থে এ পর্য্যন্ত শাস্তি পাইতেছে। পূর্ব্বে বড় দুষ্ট অসুর ছিল এখন তাহার আলাপের আশয়তে বুঝা যায় বুঝি দেবতা ইহাকে প্রসন্ন হইয়া থাকিবেন নতুবা পূর্ব্বকার দুর্বৃত্তিতা ত্রুটি ইহার বিষয় কি যদি তোমার আইসন সাঙ্গীতাক্রমে এ অঞ্চলে হয় ইহার বিবেচনা করিবা আমার ইচ্ছা ইহাকে আরবার নিজ পদে অর্পণ করা যায় কিন্তু তোমারদের অনুরঙ্গ তোমরা সাহায্য করিলে হইতে পারে এবং অনুরঙ্গের এ কর্ত্তব্য বটে যদ্যপিস্যাত তোমারদের অবধান হয় তথাচ ইহার আর বিপদ বড় হইতে পারিবে না। কিন্তু বিপদেই বন্ধুকে চেনা যায় দ্বারপালবাসী দিগম্বর রাজা পুরুষোত্তম দর্শনে ঐ পথে যাইতেছে এবং

এখানকার অনেকে ও সেই সমভিব্যাহারে যাইতেছে ইহারদের আনুগত্য যে উচিত করিবা পথপুজ লোক যেন. ও অর্থে বহির আবশ্যক হয় আনুকুল্যে ত্রুটি না হয়। দিগম্বর এখানকার অত্যন্ত শরনাগত এবং উপকারী চিরকাল হইল এক কালে আমি উদাসীন বেশে দ্বারকা দর্শনে যাইতেছিলাম তাহাতে ইহার আশ্রমে অতিথি হইলে এ অনুমানে আমাকে জ্ঞাত হইয়া পূর্ন সজ্ঞাতে আমার সহিত যাইয়া কর্ম্ম সঙ্কোলন করাইয়া রাজধানী পর্য্যন্ত আসিয়াছিল। অতএব তাহার প্রত্যুপকার আপনি করেন। ইতি মাধো যদিতু হিন্দুস্থানের সিংহাসনস্থ আমি না থাকি সংবাদ অনুসন্ধানে আপনি দ্বার পালকে সাত লইয়া সেইখানে পৌশিবা নতুবা হিন্দুস্থানে পুনর্ব্বার ফিরিয়া আসিয়া

শুশ্রূষার্থে কিছুকাল এখানে বিশ্রাম করিতে বাঞ্ছা করে তবে তাহার কারণ রমাকান্ত পুরের গড় পরিষ্কার করিতে সসৈন্য বাস করনের আটক হবেক না সকল কার্য্য পুনর্নির্বাণ পূর্ব্বক করিবা। ইতি।—

রাজা চাকরকে।—

হিতকারী সদাচারী শুচি মহা ধীর
রণে বনে সর্ব্ব স্থানে সদম্ভ শরীর।
প্রভু কার্য্য অতি শৌর্য্য সবল হৃদয়
পরাক্রম যমসম নবকান্ত রায়।
আজ্ঞা লিপি দৃষ্টি করি কার্য্য আচরিবা
কদাচিত তাহা অনুচিত না করিবা।

অথ বিবরণক বিশেষ তোমার ও অঞ্চলের মধ্যে মহা পীঠ জ্বালামুখ সে অতি চমতকৃত স্থান শুনিলাম সেখানকার সেবাদি এখন পূর্ব্ব মত হয় না তোমার বড় একটা মনো যোগ সে বিষয় প্রতি নাই  এ বড়ই বিরুদ্ধ কথা  আমি বুঝি তুমি তাহাতে জ্ঞাত নহ অতএব সে বিবরণ লেখিতেছি মনোযোগ করিবা। মহাদেব বিবাহ করেন দক্ষের দুহিতা মহাশক্তি অবতীর্ণা দক্ষের গৃহে তাহার নাম সতী। দক্ষ মহাব্যক্তি প্রজাপতি ব্রহ্মার মানস পুত্র শব তাহার যাযাতা বটে কিন্তু ইনি অনাদি  কত কোটি ব্রহ্মা ইহার আজ্ঞাবহ তাহাতে দক্ষ কোন ব্যক্তি তাহার পূর্ব্ব সাধনাক্রমে মহাশক্তি ভগবতী তাহার কন্যা রূপে অবতীর্ণা হইলেন  সেই কথা মহাশক্তি তিনি মহাদেবের শক্তি। মহাদেব দক্ষকে শ্বশুর ভাবে প্রণাম করেন না ইহাতেই

দক্ষ মহাদেবের প্রতি আনন্দিত কখন নহেন বরং কোপিত এবং কখন কুৎসা বাক্য মহাদেবের বিপরীতে কহেন এই মত কতক কাল গত হয়। এক সময় ভৃগু মহামুনি যজ্ঞে ত্রিভুবন নিমন্ত্রণ হইলে সমস্ত দেব গণের আগমন দক্ষ প্রজাপতি ইত্যাদি সমস্তই সভাস্থ এই কালে মহাদেবের আগমনে সকলেই উত্থান করিয়া অভ্যার্থনা করিলে প্রজাপতি দক্ষ অহঙ্কারে অহঙ্কৃত হইয়া মহাদেবের প্রণাম না করাতে উত্থান করিলেন না এবং আলাপ ও না করিয়া অন্য লোকের সহিত শিবনিন্দায় প্রবর্ত্ত সেই হইতে দক্ষের দ্বেষ বিদ্বেষ এবং শিব নিন্দা সদা পরে দক্ষ মহা কোপে নিজালয় যাইয়া আপনি যজ্ঞারম্ভ করিলেন বিবেচনা এই যে আমার যজ্ঞে মহাদেবের নিমন্ত্রণ করিব না ইহাতেই তাঁহার অপমান হইবেক

এই মতে যজ্ঞারম্ভ করিয়া সমস্ত আহ্বান করিলেন মহাদেব তাঁহার যামাতা তাঁহার কন্যা মহাশক্তি সতী শিবের ঘরণী তথাচ তাহার প্রতি দৃষ্টি না করিয়া রোষযুক্তে সমস্তই বিস্মৃতি কন্যা কি যাঁমাতা কাহাকেও নিমন্ত্রন করিলেন না। এই মতে দক্ষের যজ্ঞ হইতেছে ইতি মধ্যে সতী পিতৃগৃহে ওৎসব শুনিয়া ওৎকণ্ঠ চিত্ত হইয়া অত্যন্ত কাতরা সতী নিবেদন করিতেছেন মহাদেব প্রভো পিতৃগৃহে মহোৎসব আমার চিত্ত একান্ত ব্যাকুল হইয়াছে পিতৃগৃহে যাইতে ইচ্ছা দেখ প্রাণনাথ চিরকাল গত হইল যদ্দিল সুত্র করে তোমার ঘরে আসিয়াছি পরে কখন পিতৃগৃহে যাই নাই এবং মাতা পিতাকে দেখি নাই আমি আমার মাতার কন্যা মাতা আমাকে বড় ভাল বাসেন আমিও সেই মত আমার ইচ্ছা পিতৃগৃহে

যাইতে তুমি আজ্ঞা কর।  
চরণে ধরিয়া সাধি  আজ্ঞা কর গুণনিধি  
পিতৃগৃহে যাই প্রাণনাথ।  
পিতার সম্মান পাব  ভগ্নিগণে সম্ভাষিব  
মায়ের রন্ধনে খাব ভাত।

এ কথা কহিয়া মহাদেবের চরণে ধরিয়া সাধনা করিলে মহাদেব বিমর্ষ চিত্তে কহিতেছেন শুন তোমার পিতা পাষণ্ড আমাকে মানে না দেখ সে আমাকে অমান্য করিবার নিমিত্ত আমাকে নিমন্ত্রণ করিল না বিনা নিমন্ত্রণে তুমি গেলে সম্মান পাবা না এবং আমার নিন্দাতে তোমার দুঃখ হইবেক পশ্চাত তাহার বারণ হইবেক না। অতএব অনিমন্ত্রিত স্থানে যাওয়া ওচিত নহে। সতী কহিতেছেন প্রাণ নাথ আপনার মাতা পিতার নিমন্ত্রণ অনি' মন্ত্রণে কি হয় তাহারদের কাছে পুত্র কন্যার

সন্মান অসন্মান কি আমার পিতা আমাকে বড়ই ভাল বাসেন আমি বুঝি আমার অসন্মান করিবেন না সতী যাওনের ওদযুক্তা পিতাপু শিবাজ্ঞা নহিলে সতী ক্রিদ্যমানা রোদন করিতেং মহাক্রোধেতে ক্রোধিতা হইয়া পদদ্বুজে গতি করিলে মহাদেব নন্দি মহাকাল সিবসেবককে আজ্ঞা করিলে মহাকাল মহাযান লইয়া পশ্চাতবর্ত্তিতা করিয়া কতক দূরে গেল দেবী সে যানা রোহনে দক্ষ্যালয় ওপস্থিতি প্রসতী সতী কন্যাকে দৃষ্ট মাত্রেই প্রেমানন্দে পুলোকিত হইয়া গদ গদ চিত্তে যাইয়া কন্যার মুখ চুম্বন করিয়া ক্রোড়ে করিয়া নৃত্য করিতে লাগিলেন এই মতে প্রেমাশক্ত সতী ও মাতাকে প্রনাম করিয়া আরং সমস্ত ভগিনী ও অমাত্য গনকে সম্ভাষ করিয়া যজ্ঞ,স্থানে পিতার নিকটে যাইয়া প্রনাম করিলে দক্ষ তাহাকে দেখিবা

মাত্রেই হরকোপে কোপিত হইয়া শিব নিন্দায় প্রবর্ত্ত হইল। কহিল কন্যে তুমি কিমর্থে এখানে আসিয়াছ তোমার স্বামী ভূতের পতি শ্মশান মসানে তাহার অবস্থিতি হাড় মালা গিলায় সাপ লইয়া তাহার খেলা বাঘিয়ার বেশ তোমার কপাল মন্দ অতএব এমত ঘটনা তোমাকে হইয়াছে আমি তাহাকে নিমন্ত্রণ করিলাম না। এ দেবসভা আমি ব্রহ্মার পুত্র বাঘিয়ার নিমন্ত্রণ দেব সভায় হইতে পারে না। সতী কহিলেন পিতা এমত কুৎসা মহাদেবের প্রতি কহ কেন মহা দেব দেবদেব ব্রহ্মা বিষ্ণু ইত্যাদি যাহার পদ যুগে শরণাগত যে হর মহাবীর ত্রিপুরা সুরকে সংহার করিলেন যে হর কালকূট পান করিয়া সৃষ্টি রক্ষা করিলেন তাহাকে কুৎসা বাক্য তোমা ব্যতিরেক কেহ কহে না তুমি এ অনুচিত ক্রিয়া কেন কর। নন্দি

কহিল দক্ষ নিন্দার প্রতি ফল পাইবা যে মুখে শিব নিন্দা করিলা তাহা তোমার নাশ হইয়া ছাগিল বদন হইবেক এই সকল বাক্যে দক্ষ পুনর্ব্বার শিব নিন্দা করিতে প্রবর্ত্ত হইলে সতী মহা ক্রোধে গুত্থান করিয়া কহিতেছেন পিতা সকলের গুণযুক্ত গুরু নিন্দা শ্রবণে লোক নিন্দকের শির ছেদন করিবেক নতুবা নিজ প্রাণ ত্যাগ করিবেক কিম্বা সে স্থান ত্যাগ করিবেক আমি আপন প্রাণ ত্যাগ করিব তোমার আত্মজা তনু আর রাখিব না এই কহিয়া বসন আটিয়া পরিয়া যাইয়া মধ্যস্থানে বসিয়া শিব রূপ ধ্যানে প্রাণ ত্যাগ করিলেন। সভার মধ্যে দানাগণে কোলাহল করিলে দক্ষ তাহার দিগকে মারিয়া খেদিয়া দিল। নন্দি দানা গণ সমুদায় লইয়া রোদন করিতে২ শিব

স্যাক্ষাত নিবেদন করিবা মাত্রেই মহাদেব ক্রোধাবিষ্ঠ শিবের লোমাঞ্চিত হইতেং মহা ক্রোধাবেশ কালান্তকানল সম হইয়া মস্তক হইতে এক জটা ছেদন করিয়া ফেলিলেই তাহাতে মহাবীর বীরভদ্র ওতপন্ন হইলেন বীরের মস্তক গগনে স্পর্শ করিলেক মহাদর্প বান বীর দুই চক্ষু রক্তবর্ন সদা ক্রোধযুক্ত জন্মিবা মাত্রেই কর পুটে নিবেদন করিলেন দেব দেব আমি কি কর্ম্ম করিব। শিব কহিলেন দক্ষকে সংহার করহ এবং নষ্ঠ কর তাহার যজ্ঞ আজ্ঞানুসারে বীর সাত কোটি দানা সহিত সজ্জমান হইয়া ক্ষন মাত্রেই দক্ষালয় ওত্তরিয়া নখেতে দক্ষের ছেদন করিয়া যজ্ঞকুণ্ডে সমর্পন করিলেন এবং দানাগনে প্রস্রাব করিয়া যজ্ঞকুণ্ড পরিপূর্ন করিল ব্রাহ্মনকে পুথির রজ্জু দিয়া কর বদ্ধ করিয়া নানা মত দুর্নীতি করিল

কাহার শ্মশ্রু উৎপাটন করে কাহার দন্ত ভাঁগিয়া ফেলে এই মত অবস্থা সকলকে করিয়া যজ্ঞনাশীয়া যাইয়া নিবেদন করিল চন্দ্রচূড়ের সন্নিধানে। পরে মহাদেব সতী অঙ্গ দর্শনার্থে দক্ষের ভবনে উপস্থিত হইয়া সতীর মৃতাঙ্গ মস্তকে করিয়া নৃত্য করিতে প্রবর্ত্ত এই মতে মহাদেব নৃত্যে পৃথিবী ভারাক্রান্তা হইয়া আর সহিষ্ণুতা করিতে পারিলেন না ব্যস্ত সমস্ত হইয়া ব্রহ্মার গোচর নিবেদন করিলে ব্রহ্মা কহিলেন বিষ্ণু ব্যতিরেক ইহার উপায় আমাদিয়া কিছু হইতে পারে না। পরে বিষ্ণুর স্তব করিয়া কহিলেন প্রভো পৃথিবী আর ভার সহিতে পারে না এই মতে ব্রহ্মা বিষ্ণু সেই যজ্ঞ স্থানে যাইয়া বিবিধ প্রকারে মহাদেবের স্তব করিয়া বিষ্ণু চক্রেতে সতী অঙ্গ ছেদন করিতে২ সামুদায়িক ছেদন হইয়া খণ্ড২

হইয়া পতন হইল। সাকল্যে একান্ন ভাগী হইয়া একান্ন স্থানে পতন হইল সেই একান্ন স্থান হইল পৃথক২ এক২ পীঠ স্থান তাহাতে মাহাশক্তির এক২ রূপ এবং এক২ ভৈরব অধিষ্ঠান চূড়ামনি তন্ত্রে তাহার বিশেষণ গিয়াছে অতএব এমত মহাস্থান তাহার সেবা চর্য্যা প্রকৃত মত করিবা তাহার ইত্যাদির ওপর অতিক্রমকরিবা না সাবধান ইতি।—

## দ্বিতীয় ধারার প্রথম অধ্যায়।—

প্রথম পত্র পিতাকে এবং পিতৃতুল্য সমস্তকে।

পরম পূজনীয় শ্রীযুক্ত পিতা মহাশয় শ্রীচরন কমলেষু। সেবক শ্রীঅমুক ঘোষ দাসস্য প্রনামা পারে পত্রার্দ্ধং

নিবেদনঞ্চ বিশেষঃ। শ্রীমন্মদীশ্বর মহাশয়ের শ্রীচরনাম্বু ধ্যানত এ সেবকের ঐহিক পারত্রিক নিস্তার পরং শ্রীচরন নিকট হইতে আইসনাবধি মহাশয়ের কৃপা পত্রী দুই বার পাইয়া চরিতার্থ হইয়াছি বাটীর সকলেই প্রানগতিক কুশলে আছেন সময়ানুক্রম সেই মঙ্গল এ দেশের বিভ্রাট যথোচিত অদ্য দুই বৎসরাবধি হইতেছে গত বৎসর বর্ন্যা আসিয়া যাবদীয় লোকের ধান্য ইত্যাদি কৃষির অতিবিঘ্ন জন্মাইয়াছে এমত বর্ন্যা এ দেশে কখন হয় নাই অশিতি বৃদ্ধ লোকেরা কহে তাহারাও এমত বর্ন্যা এ প্রদেশে আই মন সমাচার শ্রবন করেন নাই অতি বৃক্ষ ডাঙ্গার ওপর সাত আট হাত জল দেশস্থীয় সমস্ত লোক স্বপরিবারে তিন মাস পর্য্যন্ত নৌকারোহে প্রান রক্ষা করিয়াছে কতক দৈব ক্রমে দেশান্তরী হইয়া রক্ষা পাইয়াছে গরু

খাচুর ও আর২ সমস্ত পশু ইত্যাদি এক্ষ
ক্ষালীন তাহার পদাপদ্য নাই তাহাতেই
এখানকার সকল লোকের কৃষি ইত্যাদি
গত বৎসর কিচুই হয় নাই লোক দুঃস্থ
অতিশয় রাজস্ব দেওনের সংস্থান নাই
ওবায় কি তাহাতে দ্বিতীয় ওপদ্রব বর্নাতে
যাবদীয় লোক নির্দ্ধন হইয়াছে তাহাতে যাহারা
গোঁয়ার এবং বলবান তাহারা দস্যু বৃত্তিতে
প্রবর্ত্ত ইহাতে যদিবা কাহার কিচু ছিল
তাহারা প্রায় নির্ম্মূল করিল বক্রি লোকেরা
দেশে তিষ্ঠিতে পারে না দেশ ভঙ্গ হইল
এমত বুঝা যাইতেছে গত বৎসরের রাজ
স্বের বিলি হইল না সমাচার প্রতীক্ষায় লিখি
য়াছি সেখানকার আজ্ঞানুযায়ি করা যাইবেক
বাটিতে ব্যয় ব্যসনের অনাটন হইয়াছে
তাহাতে ঈশ্বর পূজার সময় সান্নিধ্য হইল
তাহার আর অধিক কি বস্ত্রাদি এখন কিনিতে

না পারিলে পশ্চাত দ্বিগুন মূল্য হইবেক তাহা ভাবিতেছি সংপ্রতি চারি টাকা পাঠাইতেছি লইয়া অত্যাবশ্যক যাহা কিছু হয় তাহা করিতে আজ্ঞা হইবেক আমাকে এক বার বাটী পৌঁশিতে আজ্ঞা লিখিয়া ছিলেন দেবতা করেন তবে ত্বরাই পৌঁশিয়া শ্রীচরণ দর্শন করিব এমত বাঞ্ছা তবে বলা যায় না ভগবদিচ্ছা অমুক প্রভৃতি এখানে সুস্থ আছেন কার্য্য কর্ম্মের কিছু বন্দ্যান করিয়া দিতে পারি নাই ঠাওরাইতেছি শ্রীযুক্ত কর্ত্তা রাজা মহাশয়ের আগমন হইলে এক প্রকার করিতে পারি বা। বিশেষ পশ্চাত নিবেদন লিখিব। শ্রীযুতকালীসঙ্কর রায়েরদের বাটীতে মহাভারত পুস্তক আরম্ভ হইবেক তাহার সংগ্রাট বড়ই করিতেছেন তাহাতে অপনায়দের ও কিঞ্চিত ব্যায় বাসন চাহি শোতা ইত্যাদি দিতে হইবেক এবং আর২ ব্যায় বাসন

তবে মহাশয় কর্ত্তা যাহা আবশ্যক হয় করি বেন আমাকে লিখনাধিক আর কিছু অর্থ সাহিত্য যাহা হয় ত্বরাই পাঠাইব কল্যানপুরের শ্রীযুক্ত ন্যায়বাগীশ ভট্টাচার্য্য মহাশয় মহাশয়ের আজ্ঞা পত্র লইয়া এখানে অদ্য চারি দিবস হইল পৌঁছিয়াছেন তাহার বিষয় মহাশয়ের পত্রে এবং তাহার প্রমুখাৎ অব গত হইয়াছি সময় অতি মন্দ একারন সম্যক সম্ভার কদাচিত করিতে পারি কিন্তু ইহার প্রতুল এখান হইতে যদিত্তু না হয় তবে চন্দ্রাদিত্য কলঙ্ক এবং এঁহারাও অন্য স্থানে যাচিঞা করিতে পারিবেন না অতএব এ নিমিত্ত কিছুকাল যত্নপূর্ব্বক প্রানপনে চেষ্টা করিয়া যে পর্য্যন্ত হয় তাহা করিয়া ভট্টাচার্য্য কে সাতি সাংগীত্য করিয়া পাঠাইব সে জন্য কোন চিন্তা করিবেন না ইহা শ্রীচরনে নিবেদনমিতি।—

পিতা এবং পিতৃ তুল্য সকলকে।—

পরম পূজনীয় শ্রীযুক্ত পিতা মহাশয়।

শ্রীচরণ যুগলেষু।———

সেবকস্য পুনামা নিবেদনঞ্চ বিশেষঃ। মহাশয়ের শ্রীচরনাশীর্ব্বাদেরত্র কল্যান পরং বাটী হইতে শ্রীযুত দাতারাম দাস পৌঁশিয়াছেন ব্যয় ব্যসনের অনাটন হইয়াছে তাহা পূর্ব্বেই ভাবনার মধ্যে ছিল বিশেষ দাসের আইমনে অধিক এথান হইতে হটাত কিছু যোত্র হয় এমত দুষ্কর্ম্মা হইতেছে না কিন্তু দেওয়ান তক সকল বিষয় নিবেদন করিয়াছি নিরাশাও হওয়া যায় নাই বিশেষ দুই একে বিদিত হইতে পারিব ত্বরা শ্রীচরনে নিবেদন লিখিতেছি ধাওরাইয়াছি যদি

সেখানে কিছু সাশ্রিত্য না হয় তত্রাপি বর্ত্ম পত্র করিয়াও যাহা পাঠাইব এমত ইচ্ছা পারি যে হয় পশ্চাত নিবেদন লিখিব আর শ্রীযুত কামদেবরায় এখানে আসিয়াছিলেন তাহার মাতার ৺ প্রাপ্তি হইয়াছে কহিলেন তাহার স্থাপ্য বীন কিছু ছিল সে সমস্ত তাহার ভ্রাত্ যামাতা শ্রীযুত নন্দকিশোর সরকার ওঠাইয়া লইয়া গিয়াছেন ইহার বাষ্প তাহার স্থানে কিঞ্চিন্মাত্রও অনুভাব হয় নাই রায় কি ভাবে এ সকল আলোচন করেন জানা যাই তেছে তিনি গহারি করিতে ওদ্যত হইয়া ছিলেন তাহাতে আমি বিস্তর২ কহিয়া সম্প্রতি স্থকিত রাখিয়াছি মহাশয়ের নিকট যাইবেন ঠাওরাইয়াছেন মহাশয়ও চেষ্টা পূর্ব্বক যাহাতে একটা বিচিকিৎসা না হয় এ মত করিতে আজ্ঞা হইবেক আত্মকলহ কদাচিত ভাল নহে বড়২ জন আত্মকলহে নষ্ট হইয়াছেন

যাহাতে সর্ব্বত্র রক্ষা হয় পরামর্শ আজ্ঞা হইবেক এখানকার কর্ত্তা অদ্য দুইমাস গত হইল বিশ্রামার্থ নাবারোহনে দক্ষিনাঞ্চলে গিয়াছেন তাহাতে রাজ কর্ম্ম সমস্ত বন্ধ হইয়াছে আমরা প্রায় বসিয়া আছি. শ্রীযুত দেওয়ান মহাশয় প্রত্যহান্বিত বিচার স্থলে যাইয়া থাকেন অন্যোন্য কদাচিত ক্রমে যাওয়া না যাওয়া তুল্য কোন কর্ম্ম নাই উপস্থিত কোন বিষয় কর্ত্তার আগমনার্থ স্থকিত থাকে দেওয়ান মহাশয়ের কাছে দশ দিন বিদায় অনুষ্ঠান করিয়াছি যদিও হয় তবে কিছু কালের কারণ আমি শ্রীচরণ নিকট পঁহুছিয়া নিবেদন করিব। শুনিলাম দেশের অনেক২ লোক [illegible] গঙ্গাস্নানে আসিতেছেন তাহারদের কারণ বাসা ইত্যাদি অনুসন্ধান করিয়া রাখিয়াছি কে২ আইসেন পশ্চাত আপনার্থ নিবেদন লিখিব

রামগোপালরায় মহাজনের দেনার দায় সপরিবারে শ্রীরামপুর গিয়াছেন তাঁহার দ্রব্যাদি যে কিছু সমস্ত বদ্ধ তাহার ওপর সমুহ বিভ্রাট বড় কি গতিক হয় বলা যায় না। যে হয় ত্বরায় জানা যাবেক। নিবেদনমিতি।—

পিতা এবং পিতৃতুল্য সমস্তকে।—

পরম পুজনীয় শ্রীযুত অমুক২ মহাশয় শ্রীচরন কমলেষু।—

শ্রীচরন নিকট হইতে প্রস্থানের পরে চতুর্থ দিবসে এ স্থানে পোঁহুছিয়া দেখি এখানকার সমস্ত লোক চৈতন্যদেবের মেলায় গিয়াছে চৈতন্যদেবের বিবরন এই বৈষ্ণবেরা কহে পুর্ব্বকালে বিষ্ণু ওপাশক বৈষ্ণব পৃথিবীতে

অতি অল্প ছিল হরিভক্তি ব্যতিরেক জীবের মুক্তা ভাব এতদর্থে আপনে কৃষ্ণ বৎসর শত চারি হইল নবদ্বীপ পুরিমধ্যে শ্রীজগন্নাথমিশ্র ব্রাহ্মনের ঔরসে সচি ব্রাহ্মনির উদরে অবতার হইলেন তাহার নাম থুইলেন গৌরাঙ্গচন্দ্র। পরে এই মতে বাল্যক্রিড়ায় অল্প কাল যাপন করিয়া নবদ্বীপের প্রবীন ভট্টাচার্য্য শ্রীবাসুদেব সার্ব্বভৌমের চতুষ্পাটিতে পঠেন যেমত আরং পড়ুয়ারা ও পঠেন উনিও সেই মত পাঠ করেন বটে। কিন্তু ভট্টাচার্য্য যাহা একবার অধ্যায়ন করান তাহা তৎক্ষনাত অভ্যাস হয় এ মত উৎপন্ন মেধা এবং যাহা পাঠের মধ্যে আইসে নাই তাহাও শুনিয়া অবগত এমত স্মৃতিধর আর রুপবান এবং কমলাঙ্গ বাক্য অমৃত তুল্য ইহাতে সার্ব্বভৌম বিস্ময়াপন্ন হইয়া বিবেচনা করিলেন এ বালক কদাচ সামান্য

নাহে ইহার তদন্ত আর কিছু থাকিবেক তাহার সন্দেহ নাই। এই চিন্তাতে ভট্টাচার্য্য সদা সর্ব্বদা চৈতন্যের প্রতি তটস্থ থাকেন ইহার পরিষ্কার নিমিত্ত ভট্টাচার্য্য সমস্ত পড়ুয়ারদের আজ্ঞা করিলেন তোমরা এক জন প্রতি দিবস প্রাতে আমার প্রাতঃস্নানের সময় ধুতি বস্ত্র এবং পুষ্পের শাজি ঘাটে লইয়া যাইও এই নিয়ম থাকিল। তদনন্তরে পড়ুয়ারা প্রতি দিবস সেই নিয়ম মত এক জন বস্ত্র ও পুষ্প ঘাটে লইয়া যান এই মত বারি চৈতন্যের পালার দিন তিনি ও সেই মত করিলেন ভট্টাচার্য্য গৌরাঙ্গাগমন জানিয়া কটি পর্য্যন্ত জলে দাণ্ডাইয়া বস্ত্রের কারন চৈতন্যেরদিগে হস্ত বিস্তার করিলে তিনি জলে তিন চারি পাদার্পন করিলেন তাহার পদবিক্ষেপের স্থলে একং পদ্ম প্রস্ফোটিত প্রতি পদের তলে হইল ইহা দেখিয়া

ভট্টাচার্য্য চমৎকৃত হইলেন কিন্তু তখন কিছুই বলিলেন না পরে সময়ান্তরে ভট্টাচার্য্য কহিলেন গৌরাঙ্গ শুন আমার নিবেদন এত দিবস পর্য্যন্ত তুমি আমার পড়ুয়া ছিলা বটে আজি অবধি আর আবশ্যক নাই পাঠ করিতে আমার মনে যাহা হওক আমার সমস্ত পুথি পুস্তক আছে যদি আবশ্যক হয় তাহা সমস্ত দৃষ্টি কর ইহাতেই সমস্ত অভ্যাস হইবেক তুমি যেটা তাহা আমার সুগোচর হইল তুমি সামান্য মনুষ্য নহ তাহা আমার বস্ত্র প্রদানের সময় প্রকাশ হইয়াছে। ইহা শুনিয়া গৌরাঙ্গ কুণ্ঠিত হইয়া কহিতেছেন মহাশয় আমি আপনকার পড়ুয়া যাহা আজ্ঞা করিলেন তাহাই আমার কর্ত্তব্য অতএব সেই দিবস হইতে চৈতন্য ভট্টাচার্য্যের সমস্ত পুস্তক আপনি২ আবৃত্ত করিতে২ অল্প কালেই মহা

মাহোপাধ্যায় হইলেন দেশেতে প্রকাশ হইল যে গৌরাঙ্গ সামান্য মনুষ্য নহেন তিঁহ কোন অবতার হবেন তাহার সন্দেহ নাই এই রূপে কতক কাল গত হয় ইতি মধ্যে তেঁহার বিবাহ ক্রমে২ একের বিয়োগে অন্য হইল বয়ঃক্রম ও পচিশ বৎসর হইল তাবত সুন্দর রূপ প্রকাশ হয় নাই ইতি মধ্যে কেশব ভারতী নামে এক জন দণ্ডী পশ্চিম হইতে আসিয়া চৈতন্যকে গোপ্তেতে ডাকিয়া কহিলন কহ তুমি নিশ্চিন্ত আছহ তোমার বুঝি কিছু মনে নাই যে কারণ তোমার আগমন বুঝি তাহা বিস্মৃতি হইয়াছে এমত কথনের পরে তিনি কহিলেন আমি প্রকাশ হওনের অসঙ্গতিতে নিরস্ত আছি এবং আপনকার অপেক্ষিক পরে দুই জন নবদ্বীপ হইতে প্রস্থান করিয়া শান্তিপুর যাইয়া আর দুই জন অদ্বৈত আর নিত্যানন্দ তিনজন

সন্ন্যাস গ্রহন করিলেন। এখানে চৈতন্যের মাতা এবং তাহার ব্রাহ্মণী এ সম্বাদ শ্রবনেতে নিতান্ত শোকাবৃতা হইয়া চিন্তা সমুদ্রে মগ্না পরে চৈতন্য অদ্বৈত এবং নিত্যানন্দের আপনার দ্বারা ঐশিক গুনে জ্ঞাত হইলেন যে সংসার আকঙ্খা দূর হয় নাই ইহাতে দুই জনকে কহিলেন ভ্রাতারা আমি বুঝি তোমারদের সংসারের মায়া আছে অতএব তোমরা সন্যাস গ্রহন করিলে ভাল হরি নাম প্রকাশ করনের মুল তোমরা ও তোমারদের সন্তানেরা হইবেক তোমরা যাইয়া বিবাহ কর এবং গৃহস্থাশ্রমে থাকহ যত্ন পূর্ব্বক হরি নাম প্রকাশ করহ এমত কহিয়া এঙহারদিগকে চৈতন্যদেব দণ্ড গ্রহন করিলেন এঙহারা দুই জন গৃহস্থাশ্রমে থাকিলেন। চৈতন্যদেবের আর২ অনেক

শিষ্য হইল শত দুই শত লোক পারমার্থিক সাতে করিয়া সমস্ত ভূমি রটন করেন এবং লোকেরদিগকে ভক্তি জন্মাইয়া হরিমন্ত্র প্রদান করেন কতক কাল এমতং করিতেং অনেকং লোক বৈষ্ণব হইল হরিনাম পৃথিবী ব্যাপ্ত হইলে আপনি চৈতন্য নীলাচল যাইয়া অন্তর্দ্ধান হইলেন। সেই চৈতন্যদেবের প্রতিমূর্ত্তি নবদ্বীপে আছে তাহার মহোৎসব বৎসরং হয় তাহাতে সমস্ত লোক দর্শনার্থে গিয়াছে তাহারদের আগমন পর্য্যন্ত আমার এ স্থানে নিরুপলক্ষ থাকিতে হইল কার্য্য সাধনা ব্যতিরেক প্রত্যাগমন করিলে কি হইবেক অতএব লোকেরদের আগমনা পেক্ষিক আছি অত কারন শ্রীচরনে নিবেদন করিলাম। এখানকার যাবদীয় লোক প্রায় বৈষ্ণব। শাক্ত শৈব সৌর গানপত্য প্রায় নাই। ব্রাহ্মন যাহারা আছেন তাহারাও স্বধর্ম্ম